

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর খিলগাঁও, ঢাকা
সাধারণ আনসার পদোন্নতি বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সাধারণ আনসার সদস্যদের নিম্নোক্ত ছক অনুযায়ী পদোন্নতি কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান করা হচ্ছে।

পদোন্নতি কোর্স	রেঞ্জ	বাছাইয়ের স্থান, তারিখ ও সময়	মতব্য
(ক) সাধারণ আনসার হতে এপিসি (খ) এপিসি হতে পিসি	চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট	প্রশিক্ষণ মাঠ, চট্টগ্রাম রেঞ্জ কার্যালয়, ফয়'সলেক, চট্টগ্রাম তারিখ ১৭/০১/২১খ্রি, সময় ০৯.০০ ঘটিকা	
	খুলনা	শামসুল হুদা স্টেডিয়াম, ঘশোর তারিখ ১৮/০১/২১খ্রি, সময় ০৯.০০ ঘটিকা	
	বরিশাল	জেলা আনসার ও ডিডিপি কার্যালয়, বরিশাল তারিখ ১৮/০১/২১খ্রি, সময় ০৯.০০ ঘটিকা	
	রাজশাহী	নাটোর জেলা আনসার ও ডিডিপি কার্যালয় সংলগ্ন মাঠ তারিখ ১৯/০১/২১খ্রি, সময় ০৯.০০ ঘটিকা	
	রংপুর	প্রশিক্ষণ মাঠ, নীলফামারী জেলা আনসার ও ডিডিপি কার্যালয় তারিখ ১৯/০১/২১খ্রি, সময় ০৯.০০ ঘটিকা	
	ঢাকা, ময়মনসিংহ	শহীদ বরকত স্টেডিয়াম, গাজীপুর তারিখ ২০/০১/২১ খ্রি, সময় ০৯.০০ ঘটিকা	

বি দ্রঃ বাছাইয়ের স্থান, তারিখ ও সময় পরিবর্তন হলে নোবাইল মেসেজের মাধ্যমে জানানো হবে। বাছাইয়ের ক্ষেত্রে বাহিনীর ওয়েবসাইটে প্রদর্শিত স্থান, তারিখ ও সময় চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২। যোগ্যতাঃ সাধারণ আনসার হতে এপিসি পদোন্নতির ক্ষেত্রেঃ

- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ।
- বয়স ন্যূনতম ২৮ বছর ও সর্বোচ্চ ৩৫ বছর।
- কমপক্ষে ৫ বছর অশীভূত সাধারণ আনসার হিসেবে চাকুরি করার অভিজ্ঞতা থাকতে হবে (প্রমাণপত্রসহ)।

৩। যোগ্যতাঃ এপিসি হতে পিসি পদোন্নতির ক্ষেত্রেঃ

- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ।
- বয়স ন্যূনতম ৩২ বছর ও সর্বোচ্চ ৪০ বছর।
- ন্যূনতম ০১ (এক) মেয়াদ এপিসি হিসেবে চাকুরি করার অভিজ্ঞতা থাকতে হবে (প্রমাণপত্রসহ)।

৪। সাধারণ নির্দেশাবলীঃ

- রেস্ট, প্যানেল এবং অশীভূত অবস্থায় আবেদন করা যাবে; তবে প্রশিক্ষণে অংশগ্রহণের পর থেকে এইচআরএম সফটওয়্যারে অংশগ্রহণকারীদের নামের পাশে 'নট ভেরিফাইড' দেখানো হবে।
- প্রশিক্ষণ শুরুর দিন হতে অশীভূত সদস্যগণ অ-অশীভূত হবেন।
- সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করা সদস্যগণ প্রশিক্ষণপ্রাপ্ত পদের জন্য স্মার্ট কার্ড প্রাপ্ত হবেন এবং অফারের জন্য প্যানেলভুক্ত হবেন। প্রশিক্ষণ সমাপ্ত করে প্রশিক্ষণপ্রাপ্ত পদের জন্য প্যানেলভুক্ত হওয়ার ক্ষেত্রে ছয়মাসের বিরতিকাল প্রযোজ্য হবে না।

২

- প্রশিক্ষণপ্রাপ্ত পদে প্যানেলভুক্ত হওয়ার জন্য সকল সদস্যের পুলিশ ভেরিফিকেশন করা হবে।
- অশীতৃত থাকাকালীন শৃঙ্খলাজনিত অভিযোগ বিচার কার্যক্রম চলমান থাকলে /শৃঙ্খলাজনিত অভিযোগে শাস্তি প্রাপ্ত হয়ে অ-অশীতৃত অবস্থায় থাকলে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ব্লক অবস্থায়, কালো তালিকাভুক্ত অবস্থায় এবং নট ভেরিফাইড অবস্থায় আবেদন করা যাবে না।
- স্মার্টফোন থাকা এবং ব্যবহার জানা বাধ্যতামূলক।
- সাধারণ আনসার হতে এপিসি পদমোচি প্রশিক্ষণ দুই ধাপে অনুষ্ঠিত হবে। এপিসি হতে পিসি এবং সাধারণ আনসার হতে এপিসি দুই ধাপের প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রশিক্ষণার্থীর নামীয় তালিকা বাহিনীর ওয়েবসাইটে প্রদর্শিত হবে।
- প্রশিক্ষণের সময় ও স্থান মোবাইল মেসেজের মাধ্যমে জানানো হবে এবং বাহিনীর ওয়েবসাইটে প্রদর্শিত হবে।

৫। অনলাইন রেজিস্ট্রেশন পদ্ধতিঃ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েব সাইট (www.ansarvdp.gov.bd)-এ 'সাধারণ আনসার হতে এপিসি পদমোচি' ও 'এপিসি হতে পিসি (সাধারণ আনসার) পদমোচি' লিংকে ক্লিক করে আবেদন করা যাবে। উক্ত লিংকটি ০৪/০১/২০২১ খ্রিষ্টাব্দ রাত ১২ টা হতে ১১/০১/২০২১ খ্রিষ্টাব্দ রাত ১২ টা পর্যন্ত সক্রিয় থাকবে। রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার শেষ সময় ১১/০১/২০২১ খ্রিষ্টাব্দ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত এবং আবেদন করার শেষ সময় ১১/০১/২০২১ খ্রিষ্টাব্দ রাত ১২ টা পর্যন্ত। রেজিস্ট্রেশন ফি ব্যবদ অফেরতযোগ্য ২০০ (দুইশত) টাকা অন-লাইনে প্রদর্শিত বিকাশ/রকেট/মোবিক্যাশ ইত্যাদির মাধ্যমে জমা দিতে হবে। আবেদনপত্র দাখিল ও ফি পরিশোধ সংক্রান্ত কোনো সমস্যা হলে পরামর্শের জন্য ০১৮৪০১৯৭২০৭, ০১৬২৯৪৬৪২৮৯ এবং ০১৫৩৪৭২৬৫৩৫ নম্বরে যোগাযোগ করতে হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রবেশপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে এবং বাছাইয়ের সময় অবশ্যই তা প্রদর্শন করতে হবে।

৬। প্রবেশনীয় কাগজপত্রঃ

- (ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র
- (খ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি
- (গ) নাগরিকত্ব সনদপত্রের মূল কপি
- (ঘ) অতিষ্ঠতার সনদপত্র
- (ঙ) অন-লাইন রেজিস্ট্রেশনের কনফারমেশন ডকুমেন্টের (প্রবেশপত্রের) মূল কপি
- (চ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক 'ক থেকে ও' পর্যন্ত সকল ডকুমেন্টের সত্যায়িত ফটোকপি
- (ছ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি স্বাক্ষর সত্যায়িত ছবি

বিঃ দ্রঃ বিস্তারিত তথ্যের জন্য জেলা আনসার ডিডিপি কার্যালয়ে যোগাযোগ করুন অথবা ভিজিট করুনঃ

www.ansarvdp.gov.bd

সতর্কীকরণঃ

- ❖ সাহায্য পাওয়ার আশায় কারো সাথে যোগাযোগ করে প্রতারণিত হবেন না।
- ❖ কোনো সদস্য কোনো তথ্য গোপন বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে তার আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

Jahannara Akter,

৩১-১২-২০২০

জাহানারা আক্তার

পরিচালক (আনসার-প্রশিক্ষণ)

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।